

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১১৯

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা ইবরাহীম

بَابٌ: وَمِنْ سُورَةِ إِبْرَاهِيمَ عَلَيْهِ السَّلاَمُ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ شُعَيْبِ بْنِ مَالِكِ، قَالَ أُتِيَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بِقِنَاعٍ عَلَيْهِ الْحَبْحَابِ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ أُتِيَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بِقِنَاعٍ عَلَيْهِ رُطَبُ فَقَالَ " مَثَلُ كَلِمَةٍ طَيِّبَةٍ أَصْلُهَا ثَابِتٌ وَفَرْعُهَا فِي السَّمَاءِ تُوْتِي أُكُلَهَا كُلَّ حِينٍ بإِذْنِ رَبِّهَا قَالَ هِيَ النَّخْلَةُ : ( مَثَلُ كَلِمَةٍ خَبِيثَةٍ كَشَجَرَةٍ خَبِيثَةٍ اجْتُثَتْ مِنْ فَوْقِ كُلُّ حِينٍ بإِذْنِ رَبِّهَا قَالَ هِيَ النَّخْلَةُ : ( مَثَلُ كَلِمَةٍ خَبِيثَةٍ كَشَجَرَةٍ خَبِيثَةٍ اجْتُثَتْ مِنْ فَوْقِ الْأَرْضِ مَا لَهَا مِنْ قَرَارٍ ) قَالَ هِيَ الْحَنْظَلُ " . قَالَ فَأَخْبَرْتُ بِذَلِكَ أَبًا الْعَالِيَةِ فَقَالَ صَدَقَ وَأَحْسَنَ .

حَدَّتَنَا قُتَيْبَةُ، حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ شُعَيْبِ بْنِ الْحَبْحَابِ، عَنْ أَبِيهِ، عَنْ أَنسِ بْنِ مَالِك، نَحْوَهُ بِمَعْنَاهُ وَلَمْ يَرْفَعْهُ وَلَمْ يَدْكُرْ قَوْلَ أَبِي الْعَالِيَةِ وَهَذَا أَصِبَ مِنْ حَدِيثِ حَمَّادِ بْنِ سَلَمَة وَرَوَاهُ مَعْمَرُ وَرُوَى غَيْرُ وَاحِدٍ مِثْلَ هَذَا مَوْقُوفًا وَلاَ نَعْلَمُ أَحَدًا رَفَعَهُ غَيْرَ حَمَّادِ بْنِ سَلَمَة وَرَوَاهُ مَعْمَرُ وَحَمَّادُ بْنُ نِيْدِ وَغَيْرُ وَاحِدٍ وَلَمْ يَرْفَعُوهُ .

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ شُعَيْبِ بْنِ الْحَبْحَابِ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، نَحْوَ حَديث قُتَيْبَةَ وَلَمْ يَرْفَعْهُ .

#### বাংলা

৩১১৯. আবদ ইবন হুমায়দ (রহঃ) ..... আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে একটি খাঞ্চা আনা হল। এতে ছিল কিছু তাজা খেজুর। তিনি তখন পাঠ করলেনঃ



## مَثَلُ كَلِمَةٍ طَيِّبَةٍ كَشَجَرَةٍ طَيِّبَةٍ أَصِلُهَا ثَابِتٌ وَفَرْعُهَا فِي السَّمَاءِ تُوْتِي أُكُلَهَا كُلَّ حِينِ بإِذْنِ رَبِّهَا

উত্তম কথার তুলনা হল এমন গাছ যার মূল সুদৃঢ় ও যার শাখা প্রশাখা উর্ধে বিস্তৃত যা প্রত্যেক মাওসুমে তার ফল ডান করে। তার প্রতিপালকের অনুমতিক্রমে ...... (১৪ঃ ২৪)। তিনি বললেন এ হল খেজুর গাছ।

কুবাক্যের তুলনা এক মন্দ গাছ, যার মূল ভূপৃষ্ট হতে বিচ্ছিন্ন। যার কোন স্থায়িত্ব নেই (১৪ : ২৬)। তিনি বললেনঃ এ হল মাকাল গাছ।

রাবী শুআয়ব ইবন হাবহাব (রহঃ) বলেন, আমি আবুল আলিয়া (রহঃ)-কে এটি সম্পর্কে অবহিত করলে তিনি বললেনঃ সত্য ও সুন্দর বলেছেন।

মারফু বর্ণনাটি দুর্বল।

কুতায়বা (রহঃ) ... আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে উক্ত মর্মে অনুরূপ বর্ণিত আছে। তিনি এটি মারফু' করেননি এবং আবুল আলিয়ার বক্তব্যটিও উল্লেখ করেননি। এটি হাম্মাদ ইবন সালামা (রহঃ) এর রিওয়ায়ত থেকে অধিক সহীহ। একাধিক রাবী এটি মাওকূফরূপে রিওয়ায়ত করেছেন। হাম্মাদ ইবন সালামা ছাড়া আর কেউ মারফূ করেছেন বলে আমাদের জানা নেই। মা'মার, হাম্মাদ ইবন যায়দ প্রমুখ (রহঃ) এটি রিওয়ায়ত করেছেন। কিন্তু তারা এটি মারফু' করেননি।

মাওকুফ বর্ণনার সনদ সহিহ।

আহমদ ইবন আবদা যাববী (রহঃ) ... আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে কুতায়বা-এর রিওয়ায়তের অনুরূপ বর্ণনা করেছেন। তবে তিনি এটি মারফূ' রূপে বর্ণনা করেননি।

মাওকুফ বর্ণনাটি সহিহ, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১১৯ [আল মাদানী প্রকাশনী]

### **English**

#### Narrated Anas bin Malik:

"The Messenger of Allah () was brought a dish with unripe dates on it. He said: The parable of a goodly word is that of a goodly tree, whose root is firmly fixed, and its branches (reach) to the sky (14:24 & 25).' And he said: 'It is the date-palm.' And the parable of an evil tree uprooted from the surface of the earth, having no stability (14:26). He said: 'It is the colocynth tree.'"

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন